

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪১৪৫  
মোহনপুর, ১১ ডিসেম্বর, ২০২৩

**বিকশিত ভারত সংকল্প যাত্রা**  
**মোহনপুরে শিবির**

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে মোহনপুর পুর পরিষদের উদ্যোগে সম্প্রতি মোহনপুর বাজার শেডে একদিনের প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উপস্থিত ছিলেন মোহনপুর পুর পরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ, ভাইস চেয়ারপার্সন শংকর দেব, কাউন্সিলারগণ, মোহনপুর পুর পরিষদের কার্যনির্বাহী আধিকারিক তথা মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত, উপকার্য নির্বাহী আধিকারিক বাপ্পাদিত্য রায় ভৌমিক প্রমুখ। শিবিরে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ২৫৪ জনের পিআরটিসি, ৬৬ জনের এসসি, ৫৭ জনের ওবিসি এবং ২৮ জনের ম্যারেজ সার্টিফিকেটের জন্য আবেদন পত্র গ্রহণ করা হয়। ৮৯ জনকে ইনকাম সার্টিফিকেট দেওয়া হয়। ১২০ জনের আধার কার্ড সংশোধন করা হয়। সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের পক্ষ থেকে ১৮ জনের মধ্যে বিভিন্ন প্রকল্পের জন্য আবেদন পত্র বিলি করা হয়। শিবিরে প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে ২০টি পরিবারের মধ্যে পশু-পাখির জন্য বিনামূল্যে ঔষধ বিতরণ করা হয়। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ৪৯ জনকে চিকিৎসা করে বিনামূল্যে ঔষধ দেওয়া হয়। এছাড়া বিভিন্ন দপ্তরের পক্ষ থেকে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের সুযোগ গ্রহণ করার জন্য জনগণকে সচেতন করা হয়।

\*\*\*\*\*